**জনতা ব্যাংক পিএলসি.**
প্রধান কার্যালয়
ঢাকা।
www.jb.com.bd

**বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট**

১৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ
তারিখ: ---------------------------
০২ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ

**নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১৩৫৪/২৫**

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক ও সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/সকল স্টাফ কলেজ
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/সকল এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানি।

**বিষয়: জনতা ব্যাংক নারী কল্যান সঞ্চয় প্রকল্প (নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর-৯১৫/১৯, তারিখঃ ০৯/১২/২০১৯)-এর সংশোধনী (সুদের হার বৃদ্ধি) প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

জনতা ব্যাংক নারী কল্যান সঞ্চয় প্রকল্প বিষয়ক নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর-৯১৫/১৯ তারিখঃ ০৯/১২/২০১৯ ও নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর-১৩৩৩/২৫ তারিখঃ ২৯/০৫/২০২৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

২.০ ব্যাংকের বিভিন্ন স্কীম চালুর সময়ে অন্যান্য ব্যাংকের সুদের হার ও অত্র ব্যাংকের আমানত সংগ্রহের প্রয়োজনীয়তা, মাঠ পর্যায়ের মতামত এবং পর্ষদের অনুমোদনক্রমে সুদের হার নির্ধারণ করা হয়। বর্তমানে প্রচলিত ডিপোজিট স্কীমসমূহের সুদ হার প্রতিযোগীতামূলক নয়। একারণে উক্ত স্কীমসমূহ হতে আশানুরূপ আমানত সংগ্রহ হচ্ছে না। এ প্রেক্ষিতে পরিচালনা পর্ষদের গত ১৬/০৯/২০২৫ তারিখে অনুষ্ঠিত ৮৫৯তম সভায় জনতা ব্যাংক নারী কল্যান সঞ্চয় প্রকল্প এর সুদের হার বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.০ জনতা ব্যাংক নারী কল্যান সঞ্চয় প্রকল্প-এর পরিবর্তিত সুদের হার নিম্নরূপঃ

| নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর | বর্তমান সুদের হার | পরিবর্তিত মেয়াদ ও সুদের হার | বিশেষ নির্দেশনা |
|---|---|---|---|
| ৯১৫/১৯ (০৯/১২/২০১৯) | ৬.০০% | ৭.৫০% | ইতোপূর্বে খোলা হিসাবসমূহের সুদের হার অপরিবর্তিত থাকবে। |

এমতাবস্থায়, পরিবর্তিত নীতিমালায় গ্রাহকদের সুযোগ সুবিধা সম্পর্কে মাঠ পর্যায়ে প্রচার প্রচারণা কার্যক্রম পরিচালনা এবং অধিক সংখ্যক হিসাব খোলার মাধ্যমে আমানত বৃদ্ধি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল পর্যায়ের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারিবৃন্দকে পরামর্শ প্রদান করা হলো। জনতা ব্যাংক নারী কল্যান সঞ্চয় প্রকল্প-এর পরিবর্তিত ৭.৫০% সুদ হার ১৮/০৯/২০২৫ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

১৭/৯/২০২৫

মোহাম্মদ রিয়াজ হোসেন ফেরদৌস
উপমহাব্যবস্থাপক

১৭.০৯.২৫

মোঃ আব্দুল মতিন
মহাব্যবস্থাপক